# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা।

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫, ফ্যাক্সঃ ৮৮-০৪১-৭২০৪০৪,
Website: www.khulnashipyard.com, E-mail : oiccoml.ksy@gmail.com


.........................

.........................

.........................

টেন্ডার নং বাবি-২৬/৫৮০/২১-২২
তারিখঃ ১৭-০৭-২০২২
খোলার তারিখঃ ২১-০৭-২০২২
বেলাঃ ১১-৩০ ঘটিকা

প্রিয় মহোদয়গণ,
নিম্নলিখিত দ্রব্যাদি খুলনা শিপইয়ার্ডে সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে সর্বনিম্ন মূল্য তালিকা আহবান করা যাচ্ছে। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত আমাদের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম এম খায়রুল আলম
বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমান | মূল্য হার (একক প্রতি) |
|---|---|---|---|
| ১। | এল পি গ্যাস ১২ কেজি সিলিন্ডার খুশিলি কর্তৃক খালি সিলিন্ডার(ওমেরা) সরবরাহ করা হবে। | ১৫০০ সিলিন্ডার | প্রতি সিলিন্ডার টাঃ<br>ব্রান্ড ঃ<br>দেশ ঃ |
| | | | |

শর্তাবলী ঃ ক। প্রতি মাসে ২০০ থেকে ৩০০ সিলিন্ডার গ্যাস সরবরাহের সক্ষমতা থাকতে হবে এবং প্রতিমাসে ডেলিভারী সংখ্যা ২-৬ বার হতে পারে এবং প্রত্যেক ডেলিভারীতে সিলিন্ডার সংখ্যা ৫০-১০০ হবে।

খ। পাতা ২এ বর্ণিত শর্তাবলী ৫ অনুযায়ী মূল্য তালিকা কমপক্ষে ৪০ দিন পর্যন্ত বলবৎ রাখতে হবে।

গ। প্রতি মাসের জন্য ০১ টি বিল সরকারী বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স কর্তন সাপেক্ষে পরিশোধ করা হবে।

ঘ। সিলিন্ডার, পরিবহন, লোডিং ও আনলোডিং খরচ ঠিকাদারকে বহন করতে হবে।

ঙ। ক্রয়াদেশ প্রদান করা হলে প্রদানকৃত মূল্যে বর্নিত ১৫০০ সিলিন্ডার মালামাল সরবরাহ করতে হবে।

টেন্ডার খোলার সময় দরদাতার কোন মতামত/অভিযোগ থাকলে তা তাৎক্ষনিক টেন্ডার খোলার সময় টেন্ডার কমিটির নিকট উপস্থিত থেকে প্রকাশ করতে হবে। টেন্ডার খোলার পরবর্তীতে টেন্ডার সম্পর্কিত কোন অভিযোগ/মতামত গ্রহণযোগ্য হবে না।

**টেন্ডার কমিটির স্বাক্ষর**

বাণিজ্যিক শাখা          হিসাবরক্ষন বিভাগ          ব্যবহারকারী

---

আমরা অপর পৃষ্ঠায় সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

সরবরাহকারীর স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-

১। দরপত্র ফ্রি ডেলিভারী এ্যাট সাইট শর্ত ছাড়া অন্য কোন শর্তে গ্রহনযোগ্য নয়।

২। টেন্ডারে অংশ গ্রহনকারীকে সরকারী বিধি মোতাবেক কাষ্টমস কর্তৃপক্ষের দপ্তর থেকে মূসক সেবার কোড এর ০৩৭.০০ আওতাধীন ''যোগানদার'' হিসাবে মূল্য সংযোজন কর/টার্নওভার ট্যাক্স নিবন্ধিত হতে হবে এবং এই টেন্ডারের সাথে মূসক/টার্নওভার ট্যাক্স নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে। বিধি মোতাবেক ৩% মূসক আদায়/রহিত করা হবে।

৩। সরবরাহকারীর মুল্য তালিকা(স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিস্কারভাবে সীলমোহরকৃত খামে ম্যানেজিং ডাইরেক্টর, খুলনা শিপইয়ার্ড লিঃ বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা সম্বোধন পুর্বক পাঠাতে হবে।

৪। মূল্য যাচাইপত্র নং বাবি ২৬/৫৮০/২০২১-২০২২ তারিখ.১৭/০৭//২০২২ জমা নেবার শেষ তারিখ..২১-০৭-২২ বেলা ১১-৩০ মিঃ পর্যন্ত।

৫। মুল্য তালিকা ডাকে অথবা স্বহস্তে শিপইয়ার্ড প্রধান ফটকে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মুল্য তালিকা কমপক্ষে ৪০ দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে। ক্রয়াদেশ প্রদানের তারিখ হইতে ৭ দিনের মধ্যে মালামাল সরবরাহ করিতে হইবে।

৬। ক্রয়াদেশে বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হইলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য ০.৫% হারে এল ডি এবং সরবরাহে অধিক বিলম্বের কারনে উৎপাদন ব্যহত হইলে/ কোন ক্ষতি হইলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনধিক ১% হারে এল ডি সরবরাহকারীর নিকট হইতে কর্তন করা হইবে।

৭। সরবরাহকারী কতৃক সময়মত মালামাল সরবরাহে ব্যর্থ হইলে অসরবরাহকৃত মালামাল অন্যত্র হইতে ক্রয় করিয়া অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হইতে আদায় করা হইবে।

৮। আমাদের নির্দিষ্ট মুল্য যাচাই পত্রের টেন্ডার ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাংকিত পত্রের মুল্য তালিকা পাঠানো হইলে উহা গ্রহনযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহনযোগ্য নয়।

৯। খুলনা শিপইয়ার্ড কর্তৃপক্ষের কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মুল্য তালিকাই গ্রহণ অথবা নাকচ করার ক্ষমতা থাকবে।

১০। কোন গ্রহনযোগ্য মুল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশ বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য তালিকাভুক্তি ছাড়া সরবরাহকারীর নিকট ৩% হারে জামানত আহবান করা যাবে। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত শিপইয়ার্ড কর্তৃপক্ষের আইনের পরিপন্থি এবং ক্রয়াদেশ বহির্ভূত যে কোন কার্যের জন্য অর্থাৎ নির্দিষ্ট সময়ে সরবরাহ করতে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে।

১১। আমাদের এই শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারনে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে শিপইয়ার্ডের যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হইতে পুরন করা হবে।

১২। ক্রয়াদেশভুক্ত একই দফার আংশিক সবররাহ গ্রহনযোগ্য নহে।

সালিসীর মধ্যস্থতা

উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিস্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে বাংলাদেশ নৌ বাহিনী কর্তৃক মনোনীত সালিসী পক্ষ পবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিস্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনায়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সেই সিদ্ধান্ত উপরে বর্নিত শর্তাবলী আইনানুগভাবে সংযোজিত হবে এবং উভয় পক্ষকে মেনে নিতে হইবে।

বিশেষ দ্রষ্টব্য

উপরোল্লিখিত যে কোন ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরাহকারীর মুল্য উদ্ধৃত বাতিল হতে পারে । মুল্য উদ্ধৃতির সকল মুল্যহার পরিস্কার ভাবে লিখতে হবে । কোনরুপ অস্পষ্টতা অসম্পুর্নতা অথবা পূনলিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকেলে উদ্ধৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গন্য হইবে।